গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা

ঢাকা, বুধবার ৪ মার্চ ২০১৫, ২০ ফাল্গুন ১৪২১

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। একনেকে ৬৩৯ ভূমি অফিস নির্মাণসহ ৭ প্রকল্প অনুমোদন
২। এনার্জি ড্রিংকসের মান নিয়ন্ত্রণের ব্যবস্থা নেই : শিল্পমন্ত্রী
৩। প্রশ্নপত্র ফাঁসের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা : শিক্ষামন্ত্রী
৪। সংশোধিত এডিপি ৭২ হাজার কোটি টাকা
৫। সহিংসতা বন্ধ করুন : বেগম খালেদা জিয়ার সঙ্গে ৯ দেশের কূটনীতিকের বৈঠক
৬। বোরো মৌসুমে ১১ লাখ টন ধান ও চাল কিনবে সরকার
৭। নির্বাচনী (টেস্ট) পরীক্ষায় পাস না করলেও দেওয়া যাবে পাবলিক পরীক্ষা : শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র জারি
৮। আর্থিক প্রতিষ্ঠান খাতে গুরুতর অনিয়ম : হুঁশিয়ারি কেন্দ্রীয় ব্যাংকের
৯। মাছ রপ্তানিতে বাড়তি সহায়তা চায় বিএফএফইএ
১০। সোয়াইন ফ্লু প্রতিরোধে কুড়িগ্রাম সীমান্তে সতর্কতা : নয়টি মেডিকেল টিম গঠন
১১। বিসিএস পরীক্ষার আসন বিন্যাস প্রকাশ : ক্যালকুলেটর নিষিদ্ধ

চলমান পাতা/২

১। একনেকে ৬৩৯ ভূমি অফিস নির্মাণসহ ৭ প্রকল্প অনুমোদন

দেশের ৬১ জেলার ১৩৯ উপজেলা এবং ৫০০ ইউনিয়নসহ মোট ৬৩৯ নতুন ভূমি অফিস নির্মাণসহ ৭ প্রকল্প অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। এ সব প্রকল্প বাস্তবায়নে মোট ব্যয় হবে ৩ হাজার ৫১১ কোটি ৬৯ লাখ টাকা। গতকাল ৩ মার্চ মঙ্গলবার প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারর্সন শেখ হাসিনার সভাপতিত্বে রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত সভায় এ অনুমোদন দেওয়া হয়। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.২), সংবাদ (শেষ পৃ.,ক.১), ইনকিলাব (শেষ পৃ.,ক.১), ফিনানসিয়াল এক্সপ্রেস (শেষ পৃ.,ক.৩), ডেইলি সান বিজনেস (পৃ.১,ক.৩)।

২। এনার্জি ড্রিংকসের মান নিয়ন্ত্রণের ব্যবস্থা নেই : শিল্পমন্ত্রী

দেশে এনার্জি ড্রিংকসের মান নিয়ন্ত্রণের কোনো ব্যবস্থা নেই। মাননিয়ন্ত্রণ প্রতিষ্ঠান বিএসটিআই থেকে পণ্যের গুণগত মানের সনদ নেওয়া-সংক্রান্ত ১৫৫টি বাধ্যতামূলক পণ্যের তালিকায় এনার্জি ড্রিংকস পড়ে না। গতকাল ৩ মার্চ মঙ্গলবার সংসদের প্রশ্নোত্তর পর্বে এ কথা বলেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। অপর এক প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, পুরান ঢাকার ঘনবসতিপূর্ণ এলাকা থেকে রাসায়নিকের গুদাম স্থানান্তরের জন্য ঢাকা শহরের ১৬ কিলোমিটার দূরে কেরানীগঞ্জের সোনাকান্দায় বিসিকের উদ্যোগে কেমিক্যাল পল্লি স্থাপনের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। সূত্র-প্রথম আলো (পৃ.২,ক.১), ইনকিলাব (শেষ পৃ.,ক.২), ডেইলি স্টার (পৃ.৩,ক.২), ফিনানসিয়াল এক্সপ্রেস (পৃ.৩,ক.২)।

৩। প্রশ্নপত্র ফাঁসের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা : শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, এইচএসসি ও সমমানের পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস বা ফাঁসের গুজব ছড়ানো, ফেসবুকে প্রশ্নপত্রের নামে হুজুগ সৃষ্টিকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। এ বিষয়ে এখন থেকেই আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও গোয়েন্দা সংস্থাগুলো কড়া নজর রাখবে। আসন্ন এচইএসসি ও সমমানের পরীক্ষা সুষ্ঠুভাবে গ্রহণের লক্ষ্যে গতকাল ৩ মার্চ মঙ্গলবার বিজি প্রেসে অনুষ্ঠিত এ সংক্রান্ত জাতীয় মনিটরিং কমিটির সভায় শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। আগামী ১ এপ্রিল থেকে এইচএসসি পরীক্ষা শুরু হবে। সূত্র-প্রথম আলো (পৃ.৩,ক.১), ইত্তেফাক (শেষ পৃ.,ক.১), সংবাদ (শেষ পৃ.,ক.১), ডেইলি সান (পৃ.৩,ক.১)।

৪। সংশোধিত এডিপি ৭২ হাজার কোটি টাকা

চলতি অর্থবছরের (২০১৪-১৫) সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) আকার দাঁড়িয়েছে ৭২ হাজার কোটি টাকা। এর মধ্যে স্থানীয় মুদ্রায় জোগান দেওয়া হবে ৪৭ হাজার ১০০ কোটি টাকা। আর বিদেশি সহায়তা হিসেবে পাওয়া যাবে ২৪ হাজার ৯০০ কোটি টাকা। পরিকল্পনা কমিশনের বর্ধিত সভায় গতকাল ৩ মার্চ মঙ্গলবার সংশোধিত এডিপির খসড়া অনুমোদন দেওয়া হয়। পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল এতে সভাপতিত্ব করেন। সূত্র-প্রথম আলো (পৃ.১২,ক.১), যুগান্তর (পৃ.১,ক.১), ডেইলি স্টার বিজনেস (পৃ.১,ক.১), ফিনানসিয়াল এক্সপ্রেস (পৃ.১,ক.৩)।

৫। সহিংসতা বন্ধ করুন : বেগম খালেদা জিয়ার সঙ্গে ৯ দেশের কূটনীতিকের বৈঠক

বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার সঙ্গে যুক্তরাষ্ট্রসহ প্রভাবশালী ৯ দেশের রাষ্ট্রদূত, হাইকমিশনার ও মিশন প্রধানরা গতকাল ৩ মার্চ মঙ্গলবার বৈঠক করেছেন। খালেদা জিয়ার গুলশান কার্যালয়ে প্রায় দুই ঘণ্টা স্থায়ী এ বৈঠকে সহিংসতা বন্ধ, মানবাধিকার ও গণতন্ত্র সমুন্নত রাখতে পারস্পরিক আস্থা অর্জনে রাজনৈতিক দলগুলোর প্রতি জোর আহ্বান জানানো হয়। সূত্র-ইত্তেফাক, যুগান্তর, জনকণ্ঠ, ইনকিলাব, নিউ নেশনসহ অধিকাংশ দৈনিক এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৬। বোরো মৌসুমে ১১ লাখ টন ধান ও চাল কিনবে সরকার

চলতি বোরো মৌসুমে অভ্যন্তরীণ বাজার থেকে ১১ লাখ টন ধান ও চাল কিনবে সরকার। এর মধ্যে ৩২ টাকা দরে ১০ লাখ টন চাল ও ২২ টাকা দরে এক লাখ টন ধান সংগ্রহ করা হবে। আগামী ১ মে থেকে শুরু হয়ে এ ধান-চাল সংগ্রহ অভিযান চলবে আগামী ৩১ আগস্ট পর্যন্ত। গতকাল ৩ মার্চ মঙ্গলবার সচিবালয়ে খাদ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে খাদ্য পরিকল্পনা ও পরিধারণ কমিটির সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। এছাড়া সভায় ২৮ টাকা দরে দেড় লাখ টন গম সংগ্রহ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সূত্র-সমকাল (পৃ.১৯,ক.১), জনকণ্ঠ (পৃ.১,ক.১), যায়যায়দিন (শেষ পৃ.,ক.১), ডেইলি সান (শেষ পৃ.,ক.৩), ফিনানসিয়াল এক্সপ্রেস (শেষ পৃ.,ক.৩)।

৭। নির্বাচনী (টেস্ট) পরীক্ষায় পাস না করলেও দেওয়া যাবে পাবলিক পরীক্ষা
: শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র জারি

নির্বাচনী (টেস্ট) পরীক্ষায় অনুত্তীর্ণ হলেও ক্লাসে ৭০ শতাংশ উপস্থিত রয়েছে এমন শিক্ষার্থীরা পাবলিক পরীক্ষায় (জেএসসি, এসএসসি, এইচএসসি ও সমমান) অংশ নিতে পারবে। এ আদেশ না মানলে প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে বিধি অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন শিক্ষা মন্ত্রণালয়। এছাড়া পরীক্ষার ফল ভাল হলে পুরস্কার ও খারাপ হলে তিরস্কৃত হবেন শিক্ষকরা। এ বিষয়ে গতকাল ৩ মার্চ মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয় একটি পরিপত্রও জারি করে। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৩), প্রথম আলো (পৃ.৩,ক.৩), সমকাল (শেষ পৃ.,ক.৩), ডেইলি স্টার (শেষ

পৃ.,ক.২), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.১)।

৮। আর্থিক প্রতিষ্ঠান খাতে গুরুতর অনিয়ম : হুঁশিয়ারি কেন্দ্রীয় ব্যাংকের

আর্থিক প্রতিষ্ঠানের অনেক পরিচালক বেনামি কোম্পানির নামে ঋণ মঞ্জুর করে বিপুল পরিমাণ অর্থ হাতিয়ে নিচ্ছেন। বাংলাদেশ ব্যাংকের একাধিক পরিদর্শনে এসব অনিয়মের প্রমাণ পাওয়া যাওয়ায় ব্যাংকবহির্ভূত আর্থিক প্রতিষ্ঠানগুলোকে কড়া হুঁশিয়ারি দিয়েছে কেন্দ্রীয় ব্যাংক। গতকাল ৩ মার্চ মঙ্গলবার কেন্দ্রীয় ব্যাংকের কনফারেন্স রুমে আর্থিক প্রতিষ্ঠানগুলোর প্রধান নির্বাহীদের নিয়ে অনুষ্ঠিত বৈঠকে এ হুঁশিয়ারি দেওয়া হয়। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.২), জনকণ্ঠ (পৃ.১,ক.২), ডেইলি স্টার বিজনেস (পৃ.১,ক.৩), ফিনানসিয়াল এক্সপ্রেস (শেষ পৃ.,ক.৪)।

৯। মাছ রপ্তানিতে বাড়তি সহায়তা চায় বিএফএফইএ

চলমান অবরোধ ও হরতালের ক্ষতি পুষিয়ে দিতে হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানিতে নগদ সহায়তা বাড়ানোসহ ৫ দফা দাবি জানিয়েছে বাংলাদেশ ফ্রোজেন ফুডস এক্সপোর্টার্স এ্যাসোসিয়েশন (বিএফএফইএ)। গতকাল ৩ মার্চ মঙ্গলবার বিএফএফইএ কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে সংগঠনের প্রেসিডেন্ট এসব দাবি জানান। আন্তর্জাতিক বাজারে ইউরোপীয় ইউনিয়নের একক মুদ্রা ইউরো ও রাশিয়ার মুদ্রা রুবেল'র দর পতনের কারণে আটকে আছে প্রায় ১৫০০ কোটি টাকার পণ্য। তাই আন্তর্জাতিক বাজারে হিমায়িত চিংড়ি ও মাছের দাম প্রায় ৪০ শতাংশ কমে গেছে। এতে প্রায় ৬০০ কোটি টাকা লোকসানের মুখোমুখি হয়ে পড়েছে রপ্তানিকারকগণ। সূত্র-জনকণ্ঠ (পৃ.১৮, ক.২), সমকাল (পৃ.১৪,ক.২), প্রথম আলো (পৃ.১২,ক.২), ডেইলি স্টার বিজনেস (পৃ.১,ক.৩), ডেইলি সান বিজনেস (পৃ.১,ক.৩)।

১০। সোয়াইন ফ্লু প্রতিরোধে কুড়িগ্রাম সীমান্তে সতর্কতা : নয়টি মেডিকেল টিম গঠন

সোয়াইন ফ্লু প্রতিরোধে সীমান্তবর্তী জেলা কুড়িগ্রামে নেওয়া হয়েছে বিশেষ সতর্কতামূলক ব্যবস্থা। গঠন করা হয়েছে নয়টি মেডিকেল টিম। প্রতিবেশী দেশ ভারতে ব্যাপকহারে সোয়াইন ফ্লু ছড়িয়ে পড়ায় এ সতর্কতামূলক উদ্যোগ নেওয়া হয়। স্বাস্থ্য অধিদফতরের রোগ নিয়ন্ত্রণ ও লাইন ডাইরেক্টরের (সিডিসি) পরিচালক অধ্যাপক ডা. আবুল খায়ের মোহাম্মদ শামছুজ্জামান স্বাক্ষরিত এক চিঠিতে দেশের সকল সিভিল সার্জনকে ইনফ্লুয়েঞ্জা মনিটরিং করার নির্দেশ দেন। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.১)।

১১। বিসিএস পরীক্ষার আসন বিন্যাস প্রকাশ : ক্যালকুলেটর নিষিদ্ধ

বিসিএসের প্রিলিমিনারি পরীক্ষায় ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ করেছে সরকারি কর্মকমিশন (পিএসসি)। এই নিষেধাজ্ঞা ৩৫তম বিসিএস থেকেই কার্যকর হচ্ছে। পিএসসি'র পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার) আ ই ম নেছার উদ্দিন গতকাল ৩ মার্চ মঙ্গলবার সাংবাদিকদের এই তথ্য জানিয়ে বলেন, ক্যালকুলেটর ব্যবহার করা, না করা নিয়ে পরীক্ষা কেন্দ্রে ম্যাসাকার পরিস্থিতি সৃষ্টি হয়। তাই সব বিসিএসের প্রিলিমিনারিতে যে কোনো ধরনের ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ করা হয়েছে। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.১), সমকাল (পৃ.২,ক.২)।

## সম্পাদকীয়

ক. প্রথম আলো, ইনকিলাব : চলমান অবরোধ-হরতালে রাজনৈতিক সংকটের কারণে পরিস্থিতি ভয়াবহ রূপ নিয়েছে অর্থমন্ত্রীর এ স্বীকারোক্তির কথা উল্লেখ করে তা সমাধানে রাজনৈতিক দলগুলোকে সচেষ্ট হওয়ার আহ্বান;

খ. ইত্তেফাক, যুগান্তর, ইন্ডিপেনডেন্ট : প্রতিবেশী দেশ ভারতে সোয়াইন ফ্লু'র মহামারী আকার ধারণ করাকে আমলে নিয়ে আমাদের দেশেও এ ব্যাপারে সতর্কতা অবলম্বনের ওপর গুরুত্বারোপ;

গ. জনকণ্ঠ : ব্লগার অভিজিৎ রায় হত্যাকাণ্ডে জড়িত ব্যক্তিদের খুঁজে বের করতে যুক্তরাষ্ট্রের গোয়েন্দা সংস্থা এফবিআই আগ্রহ প্রকাশ করায় সন্তুষ্টি প্রকাশ করে জরুরিভিত্তিতে খুনিদের আইনের আওতায় নিয়ে আসার দাবি;

ঘ. সংবাদ : বাংলাদেশে মাদকদ্রব্যের প্রসার ও সন্ত্রাসী, জঙ্গিবাদী সংগঠনের বিস্তৃতির সঙ্গে স্বর্ণ চোরাচালানের সম্পর্ক থাকতে পারে উল্লেখ করে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ;

ঙ. যুগান্তর, ইনকিলাব : ভারতের নতুন পররাষ্ট্র সচিব সুব্রামানিয়াম জয়শংকর তাঁর প্রথম বাংলাদেশ সফরে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির শুভেচ্ছা বার্তা পৌঁছে দিয়েছেন উল্লেখ করে ভারতের ইতিবাচক দৃষ্টিভঙ্গি দেশের সংকট উত্তরণের পথকে সহজ করে দিতে পারে এই প্রত্যাশা ব্যক্ত;

চ. নিউজ টুডে : প্রতিবন্ধী শিশুদের স্বাভাবিক জীবন নিশ্চিত করতে এনজিও ও সামাজিক সংগঠনগুলির কাজ করার সাথে সাথে সবাইকে এ ব্যাপারে সচেতনতামূলকভাবে এগিয়ে আসার আহ্বান;

ছ. ডেইলি সান : পরিবেশের জীব বৈচিত্র্য রক্ষায় বন্যপ্রাণী রক্ষার দিকে নজর দেওয়ার সুপারিশ;

জ. ইন্ডিপেনডেন্ট : চারটি ব্যবসায়ী প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে অবরোধ ও হরতাল আহ্বানের বিরুদ্ধে হাইকোর্টের আইনি ব্যবস্থা গ্রহণের পদক্ষেপের ব্যাপারে জনগণের অভিমত নেওয়ার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

সংবাদ পত্রিকায় প্রকাশিত কলামে জনগণের শক্তিকে ঐক্যবদ্ধ ও সুসংগঠিত করতে আইনি শক্তির বৈধ ও নিরপেক্ষ ব্যবহার করতে গেলে সর্বাগ্রে প্রয়োজন গণতান্ত্রিক নীতি, নৈতিকতার প্রতি অকুণ্ঠ আস্থা বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

সমকাল পত্রিকায় প্রকাশিত 'জীবন, আধুনিকতা ও দায়িত্ববোধ' শিরোনামের নিবন্ধে মোহাম্মদ এজাজ সমাজের বিভিন্ন স্তরের মানুষ বিভিন্ন নেতিবাচক সামাজিক বাধাবিপত্তি, কুসংস্কার, গোঁড়ামি মোকাবিলা করে একটি যুক্তিনির্ভর সুন্দর জীবন তৈরি করার জন্য সচেষ্ট হবে বলে প্রত্যাশা ব্যক্ত করেছেন।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা